

সরকারি সুযোগ-সুবিধা গ্রহণ করলে কি আমার অভিবাসন মর্যাদার ওপর কোনও প্রভাব পড়বে?



নভেম্বর 19 তারিখে, ফেডারেল সরকার “পাবলিক চার্জ” নিয়মে পরিবর্তনের প্রস্তাব করেছে।

বর্তমান আইনের অধীনে, পাবলিক চার্জ বলতে এমন ব্যক্তিকে বোঝায় যিনি নগদ সহায়তার উপর নির্ভরশীল বা মেডিকেইডের আওতাভুক্ত দীর্ঘমেয়াদি যত্ন কেন্দ্রে অবস্থান করছেন। অভিবাসন কর্মকর্তারা কোনো আবেদনকারী বর্তমানে বা ভবিষ্যতে প্রধানত সরকারি সুবিধার উপর নির্ভরশীল হবেন বলে মনে করলে, তার গ্রিন কার্ড বা ভিসা আবেদন প্রত্যাখ্যান করতে পারেন।

প্রস্তাবিত পরিবর্তনগুলো কারও জন্য গ্রিন কার্ড বা নির্দিষ্ট অন্যান্য অভিবাসন মর্যাদা পাওয়া আরও কঠিন করে তুলতে পারে। **প্রস্তাবিত পরিবর্তনগুলো বর্তমানে কার্যকর নয়।**

এই পরিবর্তন কি আমার ওপর প্রভাব ফেলতে পারে?

প্রস্তাবিত নিয়ম কার্যকর হলেও, তা সব অভিবাসীর ক্ষেত্রে প্রযোজ্য হবে না। **এতে একাধিক ব্যতিক্রম থাকবে।** পাবলিক চার্জ নিয়ম সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য দেখুন: nyc.gov/publiccharge

প্রস্তাবিত নিয়মগুলো কার্যকর হলেও, আপনি যদি যোগ্য হন বা ইতিমধ্যে সুবিধা গ্রহণ করে থাকেন, তাহলে সরকারি সুজগ-সুবিধা, স্বাস্থ্যসেবা বা অন্যান্য সিটি সেবা গ্রহণের ক্ষেত্রে আপনার সক্ষমতার কোনো পরিবর্তন হবে না।

এখন আমার কী করা উচিত?

এই নতুন নিয়মগুলি কখন কার্যকর হবে তা স্পষ্ট নয়, যদিও এটি শীঘ্রই হতে পারে।

মনে রাখবেন, নিউ ইয়র্ক সিটি বাসিন্দাদের জন্য বিনামূল্যের ও স্বল্পমূল্যের অনেক স্বাস্থ্যসেবা ও সামাজিক সেবা প্রদান করে। আপনার অভিবাসন মর্যাদা, অর্থ প্রদানের সামর্থ্য, চাকরির অবস্থা বা ইংরেজি বলার সক্ষমতা যাই হোক না কেন, আপনি এসব সিটি সেবা গ্রহণ করতে পারেন।

প্রশ্ন থাকলে, NYC বাসিন্দারা **MOIA-র অভিবাসন আইনি সহায়তা হটলাইন-এ** ফোন করে বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন:



1-800-354-0365

সেবা বিনামূল্যে, গোপনীয়তার সাথে এবং আপনার ভাষায় প্রদান করা হয়। সেবার সময়সূচি জানতে দেখুন: nyc.gov/immigrants

Will Using Public Benefits Affect My Immigration Status?



On November 19th, the federal government proposed changes to the “public charge” rule.

Under current law, a **public charge** is someone who relies on cash assistance or is in a long-term care facility covered by Medicaid. Immigration officials may deny some green card or visa applications if they believe an applicant may primarily depend on public benefits now or in the future.

The proposed changes make it harder for someone to get a green card or certain other immigration statuses. **The proposed changes are not currently in effect.**

Could this change affect me?

Even if the proposed rules go into effect, they will not apply to all immigrants.

There will be several exceptions. For the latest information about the public charge rule, go to nyc.gov/publiccharge.

The proposed rules would not change your ability to access public benefits, health care, or other City services if you are eligible for them or already receiving them.

What should I do now?

It is unclear when these new rules will go into effect, though it could be soon.

Remember, NYC provides many no- and low-cost health care and social services to NYC residents. You can access these City services regardless of your immigration status, ability to pay, employment status, or ability to speak English.

NYC residents with questions can get free legal help by calling the
MOIA Immigration Legal Support Hotline:



1-800-354-0365

Free, confidential, and in your language. For hours of operation, visit nyc.gov/immigrants.